

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.৫২.০০২.২৪. ৭৩৭

তারিখ: ২৮ মার্চ, ২০২৪

## আদেশ

যেহেতু, জনাব মোঃ নাছের আলম শেখ, প্রধান শিক্ষক, সুচক্রদন্তী সরকারি প্রাথমিক বিদ্যালয়, পটিয়া, চট্টগ্রাম এর বিরুদ্ধে এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম সংক্রান্ত অপরাধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা- ২০১৮ এর ৩ (খ) “অসদাচরণ” ও ৩ (গ) বিধি মতে “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করে গত ২৩-০১-২০২৪ তারিখে বিভাগীয় মামলা-০১/২০২৪ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত প্রধান শিক্ষক ২৯-০১-২০২৪ তারিখে লিখিত জবাব দাখিল করেন ও তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করার ইচ্ছা পোষণ করেন এবং ১৪-০২-২০২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত প্রধান শিক্ষক এর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪ (২) (খ) উপবিধি অনুযায়ী ‘লঘুদণ্ড’ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ নাছের আলম শেখ, প্রধান শিক্ষক, সুচক্রদন্তী সরকারি প্রাথমিক বিদ্যালয়, পটিয়া, চট্টগ্রামকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪ এর (২) (খ) উপবিধি মোতাবেক ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত করে ‘লঘুদণ্ড’ প্রদান করা হলো। উক্ত স্থগিতকৃত বেতন পরবর্তীতে তিনি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তৎসঙ্গে তার অনুপস্থিতকাল বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

ড. মোঃ শফিকুল ইসলাম

বিভাগীয় উপপরিচালক

ফোন: ০২৩৩৩৩৫৫২৫৩

E-mail: ddchitt@gmail.com

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.৫২.০০২.২৪. ৭৩৭/৬

তারিখ: ২৮ মার্চ, ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।  
দৃষ্টি আকর্ষণ : পরিচালক (পলিসি ও অপারেশন)
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম (বর্ণিত শিক্ষকের চাকুরি খতিয়ান বহিতে লিপিবদ্ধকরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা শিক্ষা অফিসার, পটিয়া, চট্টগ্রাম (বর্ণিত শিক্ষকের চাকুরি খতিয়ান বহিতে লিপিবদ্ধকরণের অনুরোধ করা হলো)।
৪. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পটিয়া, চট্টগ্রাম।
৫. জনাব মোঃ নাছের আলম শেখ, প্রধান শিক্ষক, সুচক্রদন্তী সরকারি প্রাথমিক বিদ্যালয়, পটিয়া, চট্টগ্রাম।
৬. সংরক্ষণ নথি।

ড. মোঃ শফিকুল ইসলাম  
বিভাগীয় উপপরিচালক